

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (H Unit)  
শিক্ষাবর্ষ : 2020-2021 [Set Code - A]

01. “এদিকে জেলের ভিতর আমরা দুইজনে প্রস্তুত হইতেছিলাম” এর চলিতরীতি কোনটি?

- A. এদিকে জেলের ভিতর আমরা দুইজনে প্রস্তুত হচ্ছিলাম।  
B. এদিকে জেলের ভেতর আমরা দুইজনে প্রস্তুত হচ্ছিলাম।  
C. এদিকে জেলের ভেতর আমরা দুইজনে প্রস্তুত হইতেছিলাম।  
D. এদিকে জেলের ভিতর আমরা দুইজনে প্রস্তুত হইতেছিলাম।

ব্যাখ্যা : কতিপয় বাক্যের সাধু ও চলিত রূপ :

সাধু	চলিত
এদিকে জেলের ভিতর আমরা দুইজনে প্রস্তুত হইতেছিলাম।	এদিকে জেলের ভেতর আমরা দুইজনে প্রস্তুত হচ্ছিলাম।
কন্যার পিতা মাত্রই স্বীকার করিবেন আমি সংপাত্র।	কন্যার পিতা মাত্রই স্বীকার করবেন আমি সংপাত্র।
সে কী কথা! বিবাহের পূর্বে বর খাইবে কেমন করিয়া?	সে কী কথা! বিয়ের পূর্বে বর খাবে কেমন করে?
আমি যদি নেপোলিয়ন হইতাম, তবে ওয়াটার্লু জিততে পারিতাম কি না?	আমি যদি নেপোলিয়ন হতাম, তবে ওয়াটার্লু জিততে পারতাম কি না?

Ans : B.

02. তিনি “শোকে” পাগল হলেন- কোন কারকে কোন বিভক্তি?

- A. অধিকরণে সপ্তমী B. অপাদানে সপ্তমী  
C. অধিকরণে পঞ্চমী D. অধিকরণে শূন্য

ব্যাখ্যা : ভাবাধিকরণ : যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনো রূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তাকে ভাবাধিকরণ বলে।

যথা : কান্নায় শোক মন্দীভূত হয়।

তিনি শোকে পাগল হলেন।

সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।

Ans : A.

03. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি?

- A. শয়ন B. নয়ন C. সারঙ্গ D. নায়ক

ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম ও উদাহরণ :

স্বরসন্ধির নিয়ম	উদাহরণ
এ/ঐ + অ/আ = অয়/আয়	নে + অন = নয়ন শে + অন = শয়ন নৈ + অক = নায়ক
ও/ঔ + অ/আ = অব/আব	পো + অন = পবন পৌ + অক = পাবক গো + আদি = গবাদি
নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি	অন্য + অন্য = অন্যান্য প্র + উচ = প্রৌঢ় সার + অঙ্গ = সারঙ্গ মার্গ + অভ = মার্গভ

Ans : C.

04. “প্রসন্ন” শব্দটি নিচের কোন শব্দের বিপরীত শব্দ?

- A. কোমল B. ক্ষুণ্ণ C. শান্তি D. প্রীতি

ব্যাখ্যা : কতিপয় শব্দের বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
কোমল	কঠিন	প্রীতি	ক্রোধ
ক্ষুণ্ণ	প্রসন্ন	মহাজন	খাতক
শান্তি	অশান্তি	আবাহন	বিসর্জন

Ans : B.

05. ‘অতএব’ এর সন্ধিবিচ্ছেদ কী?

- A. অ + ত + এ + ব B. অত + এ + ব  
C. অতঃ + এব D. অত + এব

ব্যাখ্যা : কতিপয় শব্দের সন্ধিবিচ্ছেদ :

প্রদত্ত শব্দ	সন্ধিবিচ্ছেদ	প্রদত্ত শব্দ	সন্ধিবিচ্ছেদ
অতএব	অতঃ + এব	বাচস্পতি	বাচঃ + পতি
নিশ্বাস	নিঃ + শ্বাস	নিফল	নিঃ + ফল
পুরস্কার	পুরঃ + কার	অহরহ	অহঃ + অহ

Ans : C.

06. The spelling of which word is not correct?

- A. promissuous B. carboniferous  
C. dilemma D. disharmony

ব্যাখ্যা : Promissuous শব্দটির বানান ভুল।

Some Important Correct Spellings:

Quorum, Queue, Necessary, Neutral, Perceive, Parasite, Palatable, Leisure, Latchet, Liaison, Mileage, Mutineer etc.

Ans : A.

07. I put the table-cloth \_\_\_ the table.

- A. in B. over  
C. at D. on

ব্যাখ্যা : Rule-1 : স্পর্শ অবস্থায় উপরে বুঝাতে on বসে।

Rule-2 : নির্দিষ্ট দিন বা বারের নামের পূর্বে on বসে।

Rule-3 : নির্দিষ্ট তারিখ বুঝাতে on বসে।

Rule-4 : সদস্য বুঝাতে on বসে।

Rule-1 অনুসারে শূন্যস্থানে on বসবে।

Ans : D.

08. The terrorists killed the guard \_\_\_\_\_.

- A. In the wood B. Over the wood  
C. In cold blood D. On the tray

ব্যাখ্যা : In cold blood - ঠান্ডা মাথায়।

→ The terrorists killed the guard in cold blood. - সন্ত্রাসীরা গার্ডকে ঠান্ডা মাথায় হত্যা করেছিল।

Ans : C.

09. The word ‘bright’ in the sentence ‘it was bright, sunny morning’ is -

- A. verb B. adverb  
C. noun D. adjective

ব্যাখ্যা : Be verb এর পরে সাধারণত adjective ব্যবহার করা হয়। আবার adjective + noun হয়।

→ It was bright, sunny morning.

এখানে, was (be) + bright (adj.) + morning (noun).

Ans : D.

10. He is careless \_\_\_ his health.

- A. of or about B. over or about  
C. of or at D. on or of

ব্যাখ্যা : Careless এর পরে preposition হিসেবে of বা about ব্যবহার করা যায়।

He is careless of/about his health. - সে তার স্বাস্থ্যের প্রতি উদাসীন।

Ans : A.

11. Shakespeare is a great “dramatist”. The underlined/quoted word is-
- A. Proper noun B. Abstract noun  
C. Collective noun D. Common noun

ব্যাখ্যা : **Common noun** (জাতিবাচক বিশেষ্য): যে noun দ্বারা একই জাতীয় কোন ব্যক্তি, বস্তু, বা প্রাণীকে নির্দিষ্ট করে না বুঝিয়ে সে জাতীয় সকলকে একসাথে বুঝায় তাকেই common noun বলে। এখানে dramatist দ্বারা সকল নাট্যকারকে বুঝায়।

Ans : D.

12. Spelling of which word is not correct?

- A. prisoner B. deliberation  
C. remorse D. calmness

ব্যাখ্যা : **Correctly spelled word** : Deliberation - (ধীরতা, অনুধ্যান)

**Some Important Correct Spellings:**

Dandruff, Dilemma, Disaster, Dispensary, Daffodil, Dalliance, Deity, Disease, Definition, Difficult, Dialogue.

Ans : B.

13. Identify the word which remains the same in its plural form:

- A. intention B. aircraft  
C. mouse D. thesis

ব্যাখ্যা :

Singular	Plural
Intention	Intentions
Aircraft	Aircraft
Mouse	Mice
Thesis	Theses

Ans : B.

14. Identify the imperative sentence -

- A. I shall go to university  
B. She is singing a song  
C. Stand up  
D. Alas! I am undone.

ব্যাখ্যা : **Imperative sentence** (অনুজ্ঞাসূচক বাক্য): যে sentence দ্বারা আদেশ, উপদেশ বা অনুরোধ বুঝায় তাকে Imperative sentence বলে। Imperative sentence সাধারণত main verb দিয়ে শুরু হয়।

যেমন: Come here, Go out, Do not tell a lie, Get out etc.

Ans : C.

15. Find out the correct sentence-

- A. It is raining from morning  
B. It has been drizzling since morning  
C. It has been raining from morning  
D. It is drizzling since morning

ব্যাখ্যা : নির্দিষ্ট/অনির্দিষ্ট সময় বুঝাতে যদি since আর for ব্যবহৃত হয় তাহলে sentence টিকে present perfect continuous tense করতে হয়। নির্দিষ্ট সময়ের ক্ষেত্রে since এবং অনির্দিষ্ট সময়ের ক্ষেত্রে for ব্যবহৃত হয়।

অর্থাৎ- It has been drizzling since morning - সকাল থেকে গুড়িগুড়ি বৃষ্টি হচ্ছে।

Ans : B.

16. সোহেল সাইকেলে করে বাড়ি যাচ্ছিল। হঠাৎ করে বৃষ্টি নামল। বৃষ্টির ফোটা  $10 \text{ ms}^{-1}$  বেগে তার গায়ে পড়া শুরু হলো। বায়ুর প্রবাহ খুব বেশি ছিলনা। তবুও বৃষ্টির ফোটা তার গায়ে  $45^\circ$  কোণে পড়ছে। সাইকেলের বেগ কত?


- A.  $6 \text{ ms}^{-1}$  B.  $8 \text{ ms}^{-1}$   
C.  $10 \text{ ms}^{-1}$  D.  $12 \text{ ms}^{-1}$

ব্যাখ্যা :  $\tan 45^\circ = \frac{10}{v}$

$\Rightarrow v = \frac{10}{\tan 45^\circ}$

$\therefore v = 10 \text{ ms}^{-1}$

Ans : C.



17. একটি গাড়ির গতি দ্বিগুণ হলে ব্রেক চেপে থামানোর দূরত্ব কতগুণ হতে হবে?

- A. সমান B. অর্ধেক  
C. তিনগুণ D. চারগুণ

ব্যাখ্যা :  $v^2 = v_0^2 - 2as_1 \Rightarrow 0 = v_0^2 - 2as_1$

$\therefore s_1 = \frac{v_0^2}{2a}$

আবার,  $v^2 = (2v_0)^2 - 2as_2 \Rightarrow 0 = 4v_0^2 - 2as_2$

$\therefore s_2 = \frac{4v_0^2}{2a} = 4s_1$

সুতরাং, একটি গাড়ির গতি দ্বিগুণ হলে ব্রেক চেপে থামানোর দূরত্ব 4 গুণ হতে হবে।

Ans : D.

18. কোনো গ্রহের ভর ও ব্যাসার্ধ যথাক্রমে পৃথিবীর ভর ও ব্যাসার্ধের দ্বিগুণ হলে ওই গ্রহের পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ হবে পৃথিবী পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের-

- A. দ্বিগুণ B. সমান  
C. অর্ধেক D. এক-চতুর্থাংশ

ব্যাখ্যা :

$g_p = \frac{GM_p}{R_p^2} = \frac{G \times 2M_e}{(2R_e)^2} = 2 \times \frac{GM_e}{4R_e^2} = \frac{1}{2} \times \frac{GM_e}{R_e^2} = \frac{1}{2} \times g_e$

Ans : C.

19. নিচের কোনটি সত্য নয়?

- A. G এর মান বস্তুর ভরের উপর নির্ভর করে না  
B. G এর মান ভূকেন্দ্র থেকে বস্তুর দূরত্বের উপর নির্ভর করে না  
C. G এর মান  $6.657 \times 10^{-13} \text{ Nm}^2\text{kg}^{-2}$   
D. সব কটি সত্য

ব্যাখ্যা : মহাকর্ষীয় ধ্রুবক: একক ভরের দুটি বস্তুকণা একক দূরত্বে থেকে যে বলে পরস্পরকে আকর্ষণ করে তার মানকেই মহাকর্ষীয় ধ্রুবক বলে। G এর মান  $6.673 \times 10^{-11} \text{ Nm}^2\text{kg}^{-2}$ ।

রাশি : 'G' একটি স্কেলার রাশি।

মাত্রা :  $G = \frac{Fd^2}{m_1m_2} = \frac{[MLT^{-2}] \times [L^2]}{[M^2]} = [L^3M^{-1}T^{-2}]$

G এর মাত্রা  $[L^3M^{-1}T^{-2}]$

একক : SI পদ্ধতিতে G এর একক  $\text{Nm}^2\text{kg}^{-2}$

Ans : C.

20. মুক্তভাবে পড়ন্ত কোনো বস্তুর 1s, 2s, 3s এ অতিক্রান্ত দূরত্বের অনুপাত -  
 A. 1 : 2 : 3 B. 1 : 4 : 9  
 C. 1 : 3 : 9 D. 1 : 3 : 5

ব্যাখ্যা : পড়ন্ত বস্তুর তৃতীয় সূত্র : স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব অতিক্রম করে তা ঐ সময়ের বর্গের সমানুপাতিক।  
 অর্থাৎ অতিক্রান্ত দূরত্ব  $\propto$  (পতনকাল) $^2 \Rightarrow h \propto t^2$   
 সুতরাং, মুক্তভাবে পড়ন্ত কোনো বস্তুর 1s, 2s, 3s এ অতিক্রান্ত দূরত্বের অনুপাত - 1 : 4 : 9

Ans : B.

21. 64 টি সুর শলাকা ক্রমবর্ধমান কম্পাঙ্কে সাজানো আছে। তাদের শেষটির কম্পাঙ্কে প্রথমটির দ্বিগুণ এবং পর পর যে কোনো দুটি শলাকা প্রতি সেকেন্ডে 4 টি বীট উৎপন্ন করে। প্রথম সুর শলাকার কম্পাঙ্ক কত?  
 A. 252 Hz B. 272 Hz C. 292 Hz D. 300 Hz

ব্যাখ্যা : ধরি, প্রথমটির কম্পাঙ্ক = n  
 তাহলে শেষটির কম্পাঙ্ক = 2n  
 আবার, পর্যায়ক্রমিক দুটি সুর-শলাকার কম্পাঙ্কের পার্থক্য 4 Hz  
 $\therefore$  দ্বিতীয় সুর শলাকার কম্পাঙ্ক = n + 4 = n + (2 - 1)4  
 একইভাবে, তৃতীয় সুর শলাকার কম্পাঙ্ক = n + 8 = n + (3 - 1)4  
 চতুর্থ সুর শলাকার কম্পাঙ্ক = n + 12 = n + (4 - 1)4  
 $\therefore$  64-তম সুর শলাকার কম্পাঙ্ক = n + (64 - 1)4  
 প্রশ্নমতে, n + (64 - 1)4 = 2n  $\Rightarrow$  n = 252 Hz

Ans : A.

22. 27°C তাপমাত্রার গ্যাসকে কত তাপমাত্রায় নেয়া হলে গড় বেগ দ্বিগুণ হবে?  
 A. 1200 K B. 1050 K C. 1300 K D. 1350 K

ব্যাখ্যা :  $\frac{C_2}{C_1} = \sqrt{\frac{T_2}{T_1}} \Rightarrow \frac{T_2}{T_1} = \left(\frac{C_2}{C_1}\right)^2 = \left(\frac{2C_1}{C_1}\right)^2$   
 $\therefore T_2 = 4 \times (27 + 273) = 1200$  K

Ans : A.

23. 0°C ও 100°C তাপমাত্রায় একটি রোধ থার্মিস্টারের রোধ যথাক্রমে 11  $\Omega$  ও 16  $\Omega$ । থার্মিস্টারটি একটি চুলায় তরলের স্ফুটনাঙ্কে রাখলে রোধ পাওয়া যায় 36  $\Omega$ । তরলের স্ফুটনাঙ্ক নির্ণয় কর।  
 A. 20°C B. 500°C C. 250°C D. 10°C

ব্যাখ্যা :  $T = \frac{R_t - R_0}{R_{100} - R_0} \times N = \frac{36 - 11}{16 - 11} \times 100^\circ\text{C}$   
 $= \frac{25}{5} \times 100^\circ\text{C} = 500^\circ\text{C}$

Ans : B.

24. +1 $\mu$ C এবং -1 $\mu$ C আধান দুটিকে 5 cm ব্যবধানে রেখে একটি তড়িৎ দ্বিমেরু গঠন করা হলো। এই দ্বিমেরুর অক্ষ বরাবর 15 cm দূরের কোনো একটি বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর।  
 A. 6  $\times 10^4$  volt B. 4  $\times 10^4$  volt  
 C. 2  $\times 10^4$  volt D. 9  $\times 10^4$  volt

ব্যাখ্যা :  $V = \frac{p}{4\pi\epsilon_0 r^2} = \frac{2q\ell}{4\pi\epsilon_0 r^2}$   
 $= \frac{1 \times 10^{-6} \times 5 \times 10^{-2}}{4\pi\epsilon_0 \times (15 \times 10^{-2})^2}$   
 $= 19972.33 \text{ volt} \approx 2 \times 10^4 \text{ volt}$

Ans : C.

25. একটি বৈদ্যুতিক হিটার 220 V সরবরাহ লাইন থেকে 20 ঘণ্টা ধরে 0.2 অ্যাম্পিয়ার বিদ্যুৎ গ্রহণ করে। একটি 250 W এর টিভি সেটও একই সময় ধরে অন্য একটি সরবরাহ লাইনে যুক্ত করে চালানো হয়। কোনটি বেশি শক্তি ব্যয় করবে?

- A. টিভি B. হিটার  
 C. A ও B উভয়ই D. A ও B কোনোটিই নয়

ব্যাখ্যা :  $H_{\text{Heater}} = VI t = 220 \times 0.2 \times 20 \times 60 \times 60$   
 $= 31.68 \times 10^5$  J

$H_{\text{TV}} = Pt = 250 \times 20 \times 60 \times 60 = 18 \times 10^6$  J  
 অর্থাৎ, টিভি সেট বেশি শক্তি ব্যয় করবে।

Ans : A.

26. তড়িৎবাহী বৃত্তাকার কুণ্ডলীর কেন্দ্রে সৃষ্ট চৌম্বক ক্ষেত্র -

- A.  $B = \mu_0 IN/2r$  B.  $B = \mu_0 N/2r$   
 C.  $B = \mu_0 I/2\pi a$  D.  $B = \mu_0 IN/2\pi$

ব্যাখ্যা : তড়িৎবাহী লম্বা সরল তারের নিকটে কোনো বিন্দুতে চৌম্বক

ক্ষেত্র,  $B = \frac{\mu_0 I}{2\pi a}$

• তড়িৎবাহী বৃত্তাকার কুণ্ডলীর কেন্দ্রে সৃষ্ট চৌম্বক ক্ষেত্র,  $B = \frac{\mu_0 NI}{2r}$

Ans : A.

27. একটি উভবতল লেন্সের বক্রতার ব্যাসার্ধ যথাক্রমে 30 cm ও 20 cm। লেন্সের উপাদানের প্রতিসরাঙ্ক 1.52 হলে, এর ফোকাস দূরত্ব কত?

- A. -23.1 cm B. 24.31 cm  
 C. 23.1 cm D. -24.31 cm

ব্যাখ্যা :  $\frac{1}{f} = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$   
 $\Rightarrow \frac{1}{f} = (1.52 - 1) \left( \frac{1}{-30} - \frac{1}{20} \right)$   
 $\Rightarrow \frac{1}{f} = -0.52 \left( \frac{20 + 30}{600} \right)$   
 $\therefore f = -\frac{600}{0.52 \times 50} = -23.1$  cm

Ans : A.


28. 1.5 m দূরে অবস্থিত পর্দায় পরস্পর থেকে 0.03 cm দূরত্বে ডোরার তৈরি হলো। কেন্দ্রীয় চরম থেকে 1 cm দূরে চতুর্থ উজ্জ্বল ডোরার তৈরি হলো। আলোর তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর।

- A. 2500 Å B. 5000 Å  
 C. 6000 Å D. 7500 Å


ব্যাখ্যা :  $X_4 = (n + 1) \frac{\lambda D}{d}$   
 $\Rightarrow 10^{-2} = (3 + 1) \times \frac{\lambda \times 1.5}{0.03 \times 10^{-2}}$   
 $\therefore \lambda = \frac{0.03 \times 10^{-2} \times 10^{-2}}{1.5 \times 4}$   
 $= 5 \times 10^{-7}$  m  
 $= 5000 \times 10^{-10}$  m  
 $= 5000$  Å

Ans : B.

29 আইনস্টাইনের আলোক তড়িৎ সমীকরণ অনুযায়ী কোন লেখচিত্রটি বিকিরণের কম্পাঙ্কের সাথে সর্বাধিক গতিশক্তির পরিবর্তন নির্দেশ করে?



ব্যাখ্যা : আইনস্টাইনের আলোক তড়িৎ সমীকরণ অনুযায়ী আপতিত রশ্মির কম্পাঙ্ক বৃদ্ধি পেলে নির্গত ইলেকট্রনের সর্বোচ্চ গতিশক্তি বৃদ্ধি পায় এবং কম্পাঙ্ক হ্রাস পেলে সর্বোচ্চ গতিশক্তি হ্রাস পায়।  
লেখচিত্রটি নিম্নরূপ-



রেখাটি কম্পাঙ্ক অক্ষকে মূলবিন্দু থেকে কিছু দূরে  $f_0$  -এ ছেদ করে।  $f_0$  হল ঐ নির্দিষ্ট ধাতব পদার্থের সূচন বা প্রারম্ভ কম্পাঙ্ক, যে মান অপেক্ষা কম কম্পাঙ্কের জন্য ধাতব পদার্থ থেকে কোনো ইলেকট্রন নির্গত হবে না।  
Ans : D.

30 একটি সিলিকন ট্রানজিস্টরের ইনপুট রোধ  $200 \Omega$ । ভূমি প্রবাহ  $I_B = 30 \mu A$  পরিবর্তন করলে, সম্বন্ধক প্রবাহে পরিবর্তন  $3.0 \text{ mA}$  হয়। ঐ ট্রানজিস্টরের লোড রোধ,  $R_L = 5 \text{ k}\Omega$  হলে, অ্যামপ্লিফায়ারটির ভোল্টেজ বিবর্ধন কত হবে?  
A. 1250 B. 2500  
C. 4000 D. 5000

ব্যাখ্যা :  $v_{\text{gain}} = \frac{\Delta I_C \times R_L}{\Delta I_B \times R_B} = \frac{3 \times 10^{-3} \times 5 \times 10^3}{30 \times 10^{-6} \times 200} = 2500$

Ans : B.

31 যদি  $\begin{bmatrix} 2 & x \\ y-1 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 3+y \\ 4 & 2 \end{bmatrix}$  তবে  $(x, y) = ?$

- A. (8, 5) B. (-6, 3)  
C. (-8, 5) D. (6, 3)

ব্যাখ্যা : এখানে,  $y - 1 = 4 \Rightarrow y = 5$   
 $x = 3 + y \Rightarrow x = 3 + 5 = 8$

$\therefore (x, y) = (8, 5)$

Ans : A.

32  $\int \sin x^\circ dx = ?$

- A.  $\frac{-180}{\pi} \cos \frac{\pi x}{180} + C$  B.  $\frac{-180}{\pi} \sec \frac{\pi x}{180} + C$   
C.  $\frac{-180}{\pi} \sin \frac{\pi x}{180} + C$  D.  $\frac{-180}{\pi} \cos \frac{\pi x}{180} + C$

ব্যাখ্যা :  $\int \sin x^\circ dx = \int \sin \frac{\pi x}{180} dx = -\cos \frac{\pi x}{180} \cdot \frac{1}{\frac{\pi}{180}} + C$   
 $= -\frac{180}{\pi} \cos \frac{\pi x}{180} + C$

Ans : D.

33  $\int \frac{dx}{\sqrt{2ax - x^2}} = ?$

- A.  $\sin^{-1} \frac{x-a}{a} + C$  B.  $2 \sin^{-1} \frac{x-a}{a} + C$   
C.  $\sin^{-1} \frac{x-2a}{a} + C$  D.  $\sin^{-1} \frac{x-a}{2a} + C$

ব্যাখ্যা :  $\int \frac{dx}{\sqrt{2ax - x^2}} = \int \frac{dx}{\sqrt{a^2 - (x^2 - 2ax + a^2)}}$   
 $= \int \frac{dx}{\sqrt{a^2 - (x-a)^2}} = \sin^{-1} \frac{x-a}{a} + C$

Ans : A.

34  $\lim_{x \rightarrow 0} \frac{1 - e^{2x}}{\ln(1-x)} = ?$

- A. 2 B. 3  
C. 1 D. 0

ব্যাখ্যা :  $\lim_{x \rightarrow 0} \frac{1 - e^{2x}}{\ln(1-x)} = \lim_{x \rightarrow 0} \frac{-2e^{2x}}{\frac{1}{1-x} \cdot (-1)} = \frac{2e^0}{1-0} = 2$

Ans : A.

35 x এর সাপেক্ষে  $\cos^{-1} \left( \frac{1+x}{2} \right)^{\frac{1}{2}}$  এর অন্তরজ কোনটি?

- A.  $\frac{1}{\sqrt{1-x^2}}$  B.  $\frac{-1}{\sqrt{1-x^2}}$   
C.  $\frac{-1}{2\sqrt{1-x^2}}$  D.  $\frac{1}{2\sqrt{1-x^2}}$

ব্যাখ্যা :  $\frac{d}{dx} \cos^{-1} \left( \frac{1+x}{2} \right)^{\frac{1}{2}} = \frac{-1}{\sqrt{1 - \frac{1+x}{2}}} \cdot \frac{d}{dx} \sqrt{\frac{1+x}{2}}$   
 $= \frac{-\sqrt{2}}{\sqrt{1-x}} \cdot \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2\sqrt{1+x}} \cdot (1) = \frac{-1}{2\sqrt{1-x^2}}$

Ans : C.

36.  $f(x) = x(2a - x)$  এর সর্বোচ্চ মান কত?

- A. a                      B. 2a  
C.  $a^2$                       D.  $2a^2$

ব্যাখ্যা : টেকনিক:  $f(x) = ax^2 + bx + c$  এর

(i) সর্বোচ্চ মান =  $\frac{4ac - b^2}{4a}$  ( $a < 0$  হলে)

(ii) সর্বনিম্ন মান =  $\frac{4ac - b^2}{4a}$  ( $a > 0$  হলে)

সুতরাং,  $f(x) = 2ax - x^2$  এর

সর্বোচ্চ মান =  $\frac{4(-1) \cdot 0 - (2a)^2}{4 \cdot (-1)} = a^2$

Ans : C.

37.  $f(x) = \frac{x-3}{2x+1}$ ,  $x \neq -\frac{1}{2}$  হলে,  $f^{-1}(-2) = ?$

- A.  $\frac{5}{3}$                       B.  $-\frac{5}{3}$                       C.  $\frac{1}{5}$                       D.  $\frac{2}{5}$

ব্যাখ্যা : এখানে,  $\frac{x-3}{2x+1} = -2$

$\Rightarrow x - 3 = -4x - 2 \Rightarrow 5x = 1 \Rightarrow x = \frac{1}{5}$

Ans : C.

38. টেলিফোন ডায়ালে 0 হতে 9 পর্যন্ত লিখা থাকে। যদি ঢাকা শহরের টেলিফোনগুলি 7 অঙ্কবিশিষ্ট হয়, তবে ঢাকায় কতগুলি টেলিফোন সংযোগ দেয়া যাবে?

- A.  $10^8$                       B.  $10^7$   
C.  $10^6$                       D.  $10^5$

ব্যাখ্যা : 10 টি অংক হতে 7 টি অংক নিয়ে গঠিত টেলিফোন সংখ্যা =  $10^7$

Ans : B.

39.  $\left(\frac{m}{2} + 2\right)^8$  এর বিস্তৃতিতে মধ্যপদটি 1120 হলে, m এর বাস্তব মান কত?

- A.  $\pm 2$                       B.  $\pm 3$   
C.  $\pm 4$                       D. 1

ব্যাখ্যা :  $\left(\frac{m}{2} + 2\right)^8$  এর বিস্তৃতিতে মধ্যপদ =  $\binom{8}{2} \left(\frac{m}{2}\right)^2 \cdot 2^6$  তম = 5 তম পদ।

এখন,  $(4 + 1)$  তম পদ =  ${}^8C_4 \cdot \left(\frac{m}{2}\right)^{8-4} \cdot 2^4 = 70 m^4$

$\therefore 70 m^4 = 1120 \Rightarrow m^4 = 16 \Rightarrow m = \pm 2$

Ans : A.

40.  $\frac{1+x}{1-x}$  এর বিস্তৃতিতে  $x^9$ -এর সহগ কত?

- A. 1                      B. 2  
C. -2                      D. -1

ব্যাখ্যা : টেকনিক :  $\frac{1+x}{1-x}$  এর বিস্তৃতিতে  $x^n$  এর সহগ = 2

$\therefore x^9$  এর সহগ = 2

Ans : B.

41.  ${}^{2n}P_3 = 2 \times {}^nP_4$  হলে n এর মান কোনটি?

- A. 8                      B. 4                      C. 2                      D. 1

ব্যাখ্যা :  ${}^{2n}P_3 = 2 \times {}^nP_4$

অপশন (A) হতে,  $n = 8$  হলে,  ${}^{16}P_3 = 3360 = 2 \times {}^8P_4$

Ans : A.

42.  $\frac{1}{2}(-1 + \sqrt{3}i)$  জটিল সংখ্যার বর্গমূল কোনটি?

- A.  $\pm \frac{1}{2}(1-i)$                       B.  $\pm \frac{1}{2}(1+i)$   
C.  $\pm \frac{1}{2}(1-\sqrt{3}i)$                       D.  $\pm \frac{1}{2}(1+\sqrt{3}i)$

ব্যাখ্যা :  $\frac{1}{2}(-1 + \sqrt{3}i)$  এর বর্গমূল =  $\sqrt{\frac{1}{2}(-1 + \sqrt{3}i)}$   
 $= \sqrt{\frac{1}{4}(-2 + 2\sqrt{3}i)}$   
 $= \frac{1}{2}\sqrt{(1 + 2\sqrt{3}i - 3)}$   
 $= \frac{1}{2}\sqrt{1 + 2\sqrt{3}i + 3i^2}$   
 $= \frac{1}{2}\sqrt{(1 + \sqrt{3}i)^2}$   
 $= \pm \frac{1}{2}(1 + \sqrt{3}i)$

Ans : D.

43.  $\sqrt[4]{-169} = ?$

- A.  $\pm \frac{\sqrt{26}}{2}(1 \pm i)$                       B.  $\pm \frac{\sqrt{13}}{2}(1 \pm i)$   
C.  $\pm \frac{\sqrt{26}}{2}(1 \pm 2i)$                       D.  $\pm \frac{\sqrt{62}}{2}(1 \pm i)$

ব্যাখ্যা : টেকনিক :  $\sqrt[4]{-a^2} = \pm \sqrt{\frac{a}{2}}(1 \pm i)$

$\therefore \sqrt[4]{-169} = \pm \sqrt{\frac{13}{2}}(1 \pm i) = \pm \frac{\sqrt{26}}{2}(1 \pm i)$

Ans : A.

44. বাস্তব সংখ্যার  $S = \left\{ \frac{1}{n} : n \in \mathbb{N} \right\}$  উপসেটটির গরিষ্ঠ নিম্নসীমা ও

লঘিষ্ঠ উর্ধ্বসীমা কোনগুলো হবে?

- A. 0, 1                      B. -2, -1  
C.  $\frac{3}{2}, \frac{5}{3}$                       D. কোনোটিই নয়।

ব্যাখ্যা :  $S = \left\{ \frac{1}{n} : n \in \mathbb{N} \right\} = \left\{ 1, \frac{1}{2}, \frac{1}{3}, \frac{1}{4}, \dots, 0 \right\} = [0, 1]$

$\therefore$  গরিষ্ঠ নিম্নসীমা  $\text{Inf}(S) = 0$

লঘিষ্ঠ উর্ধ্বসীমা  $\text{Sup}(S) = 1$

Ans : A.

45.  $|x - 5| - 2x > 4$  অসমতাটির সমাধান কোনটি?

- A.  $x < -9$                       B.  $x > -9$   
C.  $x < 3$                          D.  $x > 1/3$

ব্যাখ্যা:  $|x - 5| - 2x > 4 \Rightarrow x - 5 - 2x > 4$  [অঋণাত্মক হলে]  
 $\Rightarrow -x > 9 \Rightarrow x < -9$

Ans : A.

46. যদি  $\tan A + \sec A = x$  হয় তবে  $\sin A$  এর মান কত?

- A.  $\frac{x^2+1}{x^2-1}$     B.  $\frac{x^2-1}{x^2+1}$     C. 1    D.  $\frac{1}{x^2+1}$

ব্যাখ্যা:

$$\begin{aligned} \tan A + \sec A = x &\Rightarrow \frac{\sin A}{\cos A} + \frac{1}{\cos A} = x \Rightarrow \frac{1 + \sin A}{\cos A} = x \\ \Rightarrow \frac{(1 + \sin A)^2}{\cos^2 A} = x^2 &\Rightarrow \frac{(1 + \sin A)^2}{1 - \sin^2 A} = x^2 \Rightarrow \frac{1 + \sin A}{1 - \sin A} = x^2 \\ \Rightarrow \frac{2}{2 \sin A} = \frac{x^2 + 1}{x^2 - 1} &\Rightarrow \sin A = \frac{x^2 - 1}{x^2 + 1} \end{aligned}$$

Ans : B.

47.  $\cot x - \cot 2x = ?$

- A.  $\operatorname{cosec} x$                       B.  $-\operatorname{cosec} x$   
C.  $\operatorname{cosec} 2x$                       D.  $-\operatorname{cosec} 2x$

ব্যাখ্যা:

$$\begin{aligned} \cot x - \cot 2x &= \frac{1}{\tan x} - \frac{1 - \tan^2 x}{2 \tan x} = \frac{2 - 1 + \tan^2 x}{2 \tan x} \\ &= \frac{\sec^2 x}{2 \tan x} = \frac{1}{\cos^2 x} \cdot \frac{\cos x}{2 \sin x} \\ &= \frac{1}{2 \sin x \cos x} = \frac{1}{\sin 2x} = \operatorname{cosec} 2x \end{aligned}$$

Ans : C.

48.  $\sin(150^\circ) = ?$

- A. 0                      B. 1                      C. 1/2                      D. -1

ব্যাখ্যা:  $\sin 150^\circ = \sin(180^\circ - 30^\circ) = \sin 30^\circ = \frac{1}{2}$

Ans : C.

49. যদি একটি ত্রিভুজে  $a^4 + b^4 + c^4 = 2c^2(a^2 + b^2)$  হয়, তবে C এর মান কত?

- A.  $45^\circ$                       B.  $135^\circ$   
C.  $45^\circ$  ও  $50^\circ$                       D.  $45^\circ$  ও  $135^\circ$

ব্যাখ্যা:  $a^4 + b^4 + c^4 = 2c^2(a^2 + b^2)$   
 $\Rightarrow a^4 + b^4 + c^4 + 2a^2b^2 - 2b^2c^2 - 2c^2a^2 = 2a^2b^2$   
 $\Rightarrow (a^2 + b^2 - c^2)^2 = 2a^2b^2$   
 $\Rightarrow a^2 + b^2 - c^2 = \sqrt{2} ab$   
 $\Rightarrow \frac{a^2 + b^2 - c^2}{2ab} = \frac{1}{\sqrt{2}} \Rightarrow \cos C = \frac{1}{\sqrt{2}}$

$\therefore C = 45^\circ$  বা  $\frac{\pi}{4}$

Ans : A.

50. মূলবিন্দু,  $(-2, -2)$  এবং  $(a, b)$  বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের একটি সমত্রিখন্ডক হলে,  $(a, b)$  বিন্দু থেকে x-অক্ষের উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত?

- A. 2                                      B. 1  
C. 1/3                                      D. 3


ব্যাখ্যা:

এখানে, x অক্ষের উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য = b

$$\therefore \frac{2 \cdot b + 1 \cdot (-2)}{2 + 1} = 0 \Rightarrow b = 1$$

সুতরাং, লম্বের দৈর্ঘ্য = 1

Ans : B.




51. একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত 2 : 3 : 7 হলে ক্ষুদ্রতম কোণের পরিমাপ কত ডিগ্রী?

- A.  $90^\circ$                                       B.  $120^\circ$   
C.  $70^\circ$                                       D.  $20^\circ$

ব্যাখ্যা: ক্ষুদ্রতম কোণ =  $\frac{2}{2+3+7} \times 180^\circ = 30^\circ$

Ans : নাই।

52. চিত্রে abcd একটি চতুর্ভুজ যেখানে  $ab \parallel cd$  and  $\angle bad = 100^\circ$ ,  $\angle abc = ?$



- A.  $80^\circ$                                       B.  $100^\circ$   
C.  $75^\circ$                                       D.  $135^\circ$

ব্যাখ্যা: বৃত্তস্থ চতুর্ভুজের ক্ষেত্রে,

$$\angle a + \angle c = 180^\circ \Rightarrow 100^\circ + \angle c = 180^\circ$$

$$\therefore \angle c = 80^\circ$$

$$ab \parallel cd \text{ বলে, } \angle b + \angle c = 180^\circ \Rightarrow \angle b + 80^\circ = 180^\circ$$

$$\therefore \angle b = 100^\circ$$

Ans : B.

53. একটি চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু  $(1, 1)$ ,  $(0, 8)$ ,  $(4, 5)$  ও  $(-3, 4)$  হলে উক্ত চতুর্ভুজের ক্ষেত্রফল কত?

- A. 20 বর্গ একক                                      B. 30 বর্গ একক  
C. 25 বর্গ একক                                      D. 30 বর্গ একক

ব্যাখ্যা: ক্ষেত্রফল =  $\frac{1}{2} \begin{vmatrix} 1 & 4 & 0 & -3 & 1 \\ 1 & 5 & 8 & 4 & 1 \end{vmatrix}$   
 $= \frac{1}{2} [(5 + 32 + 0 - 3) - (4 + 0 - 24 + 4)]$   
 $= \frac{1}{2} \times 50 = 25$  বর্গ একক

Ans : C.

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (H Unit)

শিক্ষাবর্ষ : 2020-2021 [Set Code - B]

01. বাক্য সংকোচন কর 'গমন করে না যে' -

- A. নগ B. দুর্গম  
C. অসম্ভব D. দুর্গম

ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ :

- গমন করে না যে - নগ। • যা চলতে পারে না - নগ।  
• গমন করা সহজ নয় - দুর্গম। • যা সম্ভব নয় - অসম্ভব।  
• যার অন্য উপায় নেই - অনন্যোপায়। • যা হবে - ভাবী।

Ans : A.

02. 'চোখের নেশা'- বাগধারাটির অর্থ কী?

- A. নির্লজ্জ B. লজ্জা  
C. চক্ষুশূল D. রূপের মোহ

ব্যাখ্যা : কতিপয় বাগধারা ও অর্থ -

- 'চোখের নেশা' - রূপের মোহ। • 'চোখের পর্দা' - লজ্জা।  
• 'চোখের বালি' - চক্ষুশূল। • 'চশমখোর' - চক্ষুসজ্জাহীন।  
• 'চোখের মণি' - প্রিয়।

Ans : D.

03. "বলল, কে বাবা তুমি? চেনলাম না তো?" এর সাধুরীতি কোনটি?

- A. বলল, কে বাবা তুমি? চেনলাম না তো?  
B. বলল, কে বাবান তুমি? চেনলাম না তো?  
C. বলল, কে বাবা তুমি? চিনিলাম না তো?  
D. বলল, কে বাবা তুমি? চিনলাম না তো?

ব্যাখ্যা : কতিপয় বাক্যের চলিত ও সাধু রূপ :

চলিত	সাধু
"বলল, কে বাবা তুমি? চেনলাম না তো?"	"বলিল, কে বাবা তুমি? চিনিলাম না তো?"
"পৃথিবী এক সময় এরাই নিয়ন্ত্রণ করবে।"	"পৃথিবী এক সময় ইহারাি নিয়ন্ত্রণ করিবে।"
"নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তার জন্ম হয়েছে।"	"নিয়তির ভুলেই যেন এক কেরানির পরিবারে তাহার জন্ম হইয়াছে।"

Ans : C.

04. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি?

- A. গায়ক B. নয়ন  
C. শ্রৌঢ় D. নায়ক

ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম ও উদাহরণ :

নিয়ম	উদাহরণ
এ/ঐ + অ/আ = অয়/আয়	নে + অন = নয়ন নে + অক = নায়ক গৈ + অক = গায়ক
ও/ঔ + অ/আ = অব/আব	পো + অন = পবন পৌ + অক = পাবক গো + আদি = গবাদি
নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি	ঐ + উঢ় = শ্রৌঢ় গো + অক্ষ = গবাক্ষ অন্য + অন্য = অন্যান্য কুল + অটা = কুলটা

Ans : C.

05. তার 'বাড়িতে' সব আছে - কোন কারকে কোন বিভক্তি?

- A. অধিকরণে শূন্য B. অপাদানে সপ্তমী  
C. অধিকরণে পঞ্চমী D. অধিকরণে সপ্তমী

ব্যাখ্যা : ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধার (স্থান) কে অধিকরণ কারক বলে।

যথা : তার বাড়িতে সব আছে।

সে বাড়িতে নেই।

প্রভাতে সূর্য ওঠে।

06. Which sentence is correct?

- A. Have faith in God.  
B. He broke faith with me.  
C. Both  
D. None

ব্যাখ্যা : Faith in - বিশ্বাস থাকা।

Have faith in God - ঈশ্বরের প্রতি বিশ্বাস থাকা।

He broke faith with me - সে আমার সাথে ওয়াদা ভঙ্গ করেছে।

Break/keep, faith with (someone or something) এর অর্থ হচ্ছে - ওয়াদা রাখা/না রাখা (break/keep a promise that you have made to somebody)

Ans : C.

07. Did you ever "return" the video? The underlined/quoted word is -

- A. verb B. adverb  
C. noun D. adjective

ব্যাখ্যা : Structure : Auxiliary + subject + main verb + extension - আর যদি adverb বসে তাহলে subject এবং main verb এর মাঝে বসতে পারে। 'return' এখানে verb হিসেবে ব্যবহৃত হয়েছে।

Ans : A.

08. Write correct pronouns in the blank spaces. \_\_\_

wish \_\_\_ could go to the movie together.

- A. I, we B. We, we  
C. We, all D. I, all

ব্যাখ্যা : Structure :

(i) Sub + wish + sub + could + verb এর base form  
or

(ii) Sub + were + .....

Ex. : I wish I could go there.

I wish I were a king.

প্রদত্ত প্রশ্নে অপশন 'A' সঠিক। Sentence টির অর্থ হচ্ছে - 'আমরা যদি একসাথে সিনেমা দেখতে যেতে পারতাম'।

Ans : A.

09. Meaning of the phrase "Wing and a prayer"-

- A. Hopeful but unlikely to succeed  
B. Not hopeful but likely to succeed  
C. Sure succeed  
D. Not sure

ব্যাখ্যা : On a wing and a prayer - সফল হওয়ার আশা নিয়ে যথাযথ প্রস্তুতি ছাড়া কোনো কিছু করা কিন্তু সফল হওয়ার সুযোগ খুব কম।

Idiom টার অর্থ অনুযায়ী সঠিক উত্তর A।

Ans : A.

10. Indirect speech of : She said, "It's cold"-

- A. She said that it was cold.  
B. She said it to be cold.  
C. She said that it is cold.  
D. She said that it's cold.

ব্যাখ্যা : Reporting verb, past tense এ থাকলে Reported speech টি change করতে হবে। Reported speech টি Present Indefinite থাকলে Indirect করার সময় Past Indefinite tense করতে হয়। তাই It's cold পরিবর্তিত হয়ে It was cold হবে।

Ans : A.

11. Identify the correct passive form -

- A. The window should be opened  
B. Let the window be opened by you  
C. Let the window be opened  
D. The window must be opened

ব্যাখ্যা : Option গুলো বিশ্লেষণ করলে দেখা যায়, এর Active form হচ্ছে- Open the window. যা Imperative sentence. Imperative sentence কে passive করতে হলে শুরুতে Let তারপর subject + be + v<sub>3</sub> হয়। এই structure অনুসারে উত্তর হবে 'Let the window be opened'.

Ans : C.

12. The tree has been blown \_\_\_\_\_ by the storm. Choose the correct preposition.

- A. up B. off C. out D. away

ব্যাখ্যা : Blow away - এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া (বাতাসে)।  
Blow up - বিস্ফোরক ব্যবহার করে ধ্বংস করা।  
Blow off - অবস্থান ঘুরানো (বাতাসে)।  
Blow out - আঁশন নেভানো।

Ans : D.

13. Which one of the following words is in singular form?

- A. radius B. agenda C. oases D. formulae

ব্যাখ্যা :

Singular	Plural
Radius	Radii/Radiuses
Agendum	Agenda
Oasis	Oases
Formula	Formulae

Ans : A.

14. Bengali meaning of the word "Pervade" is:

- A. পরিব্যাপ্ত হওয়া B. পদদলিত করা  
C. সমালোচনা করা D. প্রচার করা

ব্যাখ্যা : Pervade - পরিব্যাপ্ত করা, ব্যাপ্ত করা, অনুপ্রবেশ করা। (Infiltrate, Occupy, Diffuse, Penetrate, Interpenetrate)

Ans : A.

15. Antonym of the word 'Impart' is:

- A. Give B. Take  
C. Impulse D. Steep

ব্যাখ্যা : Impart - (জ্ঞাপন করা, প্রদান করা, দান করা)।

Impart এর কিছু শুরুত্বপূর্ণ Synonym এবং Antonym:  
Synonyms: Give, Donate, Bestow, Present, Convey.  
Antonyms: Take, Accept, Receive, Bear, Carry.

Ans : B.

16. নিচের কোনটি সম্পৃক্ত বাষ্পের বৈশিষ্ট্য?

- A. এটি যে কোন স্থানে তৈরি করা যায়।  
B. কোন তরলের সম্পৃক্ত বাষ্পচাপ তাপমাত্রার উপর নির্ভর করেনা।  
C. সম্পৃক্ত বাষ্প তরলের সাম্যাবস্থানে থাকে না।  
D. সম্পৃক্ত বাষ্প বয়েল ও চার্লসের সূত্র মানে না।

ব্যাখ্যা : সম্পৃক্ত জলীয় বাষ্পের বৈশিষ্ট্য-

১. বয়েল ও চার্লসের সূত্র মেনে চলে না।  
২. তাপ বাড়লে অসম্পৃক্ত হয় এবং জলীয় বাষ্প গ্রহণের ক্ষমতা বাড়ে।  
৩. যদি পানির সংস্পর্শে থাকে তাহলে আয়তন বৃদ্ধির সাথে সাথে বাষ্প পানি থেকে সংগ্রহ করে। এতে চাপের কোনো পরিবর্তন হয় না।  
৪. বাষ্প চাপ সর্বাধিক হয়।  
৫. সাধারণ গ্যাসের ন্যায় আচরণ করে না।  
৬. আবদ্ধ স্থানে তৈরি করা যায়।

Ans : D.

17. যদি 60 kg ওজনের একজন সৌক 4 m দৈর্ঘ্যের একটি দোলনায় বসে 3 m বিস্তারে দুলতে থাকে তাহলে লোকটির সর্বোচ্চ গতিশক্তি কত হবে?

- A. 660 J B. 680 J  
C. 700 J D. 720 J

ব্যাখ্যা :  $E_k = \frac{1}{2}kA^2 = \frac{1}{2} \cdot \frac{mg}{L} \cdot A^2$  [ $\because \frac{k}{m} = \frac{g}{L}$ ]  
 $= \frac{1}{2} \times \frac{60 \times 9.8}{4} \times 3^2 = 661.5 \text{ J} \approx 660 \text{ J}$

Ans : A.

18. কোনো স্থানে দুটি সরল দোলকের দোলনকালের অনুপাত 1 : 2 হলে এদের কার্যকর দৈর্ঘ্যের অনুপাত কত?

- A.  $1:\sqrt{2}$  B. 1 : 2  
C. 1 : 4 D. 2 : 1

ব্যাখ্যা :  $\frac{T_1}{T_2} = \sqrt{\frac{L_1}{L_2}} \Rightarrow \frac{L_1}{L_2} = \left(\frac{T_1}{T_2}\right)^2 = \left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{4}$

Ans : C.

19. 10000 kg ভরের একটি রকেটকে উলম্বভাবে উৎক্ষেপন করতে হবে। জ্বালানি দহনে উৎপন্ন গ্যাসের বেগ 1000 ms<sup>-1</sup>। রকেট থেকে কত হারে গ্যাস নির্গত হলে রকেটটি শুরুতে অভিকর্ষজ ত্বরণের দ্বিগুণ ত্বরণ প্রাপ্ত হবে?

- A. 393 kgs<sup>-1</sup> B. 294 kgs<sup>-1</sup>  
C. 195 kgs<sup>-1</sup> D. 396 kgs<sup>-1</sup>

ব্যাখ্যা : রকেটের ত্বরণ,  $a = \frac{1}{M} \left( \frac{\Delta m}{\Delta t} \right) v - g$

$\Rightarrow 2g = \frac{1}{10000} \left( \frac{\Delta m}{\Delta t} \right) \times 1000 - g$

$\Rightarrow 3g = \frac{1}{10} \left( \frac{\Delta m}{\Delta t} \right)$

$\therefore \frac{\Delta m}{\Delta t} = 30g = 294 \text{ kgs}^{-1}$

Ans : B.



20. নিচের কোনটি সত্য নয়?

- A. বলের দিকে কাজ হলে স্থিতিশক্তি কমে যায়
- B. বলের দিকে কাজ হলে গতিশক্তি বৃদ্ধি পায়
- C. কোন বস্তুকে সমদ্রুতিতে ঘুরালে কাজ হয়
- D. সব কটি সত্য

ব্যাখ্যা : • বলের দিকে কাজ হলে স্থিতিশক্তি হ্রাস পায়।

- বলের বিরুদ্ধে কাজে গতিশক্তি হ্রাস পায় এবং বস্তুর মন্দন হয়। বলের বিরুদ্ধে কাজে শক্তি বস্তু হতে সঞ্চালিত হয়।
- বলের বিরুদ্ধে কাজ হলে স্থিতিশক্তি বৃদ্ধি পায়।
- সমদ্রুতিতে চলমান বস্তুর উপর ওজনজনিত বল দ্বারা কাজ শূন্য।

Ans : C.

21. ত্রিমাত্রিক স্থানাঙ্ক ব্যবস্থায় তিনটি বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে P(1, 2, -1), Q(-2, 1, 1) এবং R(3, 1, -2) যেখানে  $\vec{P}, \vec{Q}$  এবং  $\vec{R}$  প্রসঙ্গ কাঠামোর মূল বিন্দুর সাপেক্ষে বিন্দু তিনটির অবস্থান ভেক্টর নির্দেশ করে।  $\vec{P}$  এর উপর  $\vec{Q}$  ভেক্টরের লম্ব অভিক্ষেপের মান কত?

- A.  $\frac{1}{\sqrt{6}}$
- B.  $\frac{1}{\sqrt{4}}$
- C.  $-\frac{1}{\sqrt{4}}$
- D.  $-\frac{1}{\sqrt{6}}$

ব্যাখ্যা : লম্ব অভিক্ষেপ =  $\frac{\vec{P} \cdot \vec{Q}}{|\vec{P}|} = \frac{-2+2-1}{\sqrt{1^2+2^2+(-1)^2}} = \frac{-1}{\sqrt{6}}$

Ans : D.

22. নিচের কোনটি সঠিক নয়?

- A. কোন পদার্থের পয়সনের অনুপাত  $-1 < \sigma < 0.5$
- B. তামার পয়সনের অনুপাত 0.34
- C. পয়সনের অনুপাত সব পদার্থের বৈশিষ্ট্য
- D. সব কটি উত্তর সঠিক

ব্যাখ্যা : পয়সনের অনুপাতের মান  $-1$  থেকে  $+0.5$  পর্যন্ত হয়। অর্থাৎ  $-1 \leq \sigma \leq 0.5$ । অধিকাংশ ধাতব পদার্থের ক্ষেত্রে এই মান 0.3। পয়সনের অনুপাত সব পদার্থের বৈশিষ্ট্য।

Ans : D.

23.  $(127)_8$  কে হেক্সাডেসিমলে রূপান্তর কর -

- A.  $(75)_{16}$
- B.  $(F1)_{16}$
- C.  $(57)_{16}$
- D.  $(7B)_{16}$

ব্যাখ্যা :

$$\begin{array}{ccc} 1 & 2 & 7 \\ \downarrow & \downarrow & \downarrow \\ 001 & 010 & 111 \\ \therefore (127)_8 = (1010111)_2 \\ & 0101 & 0111 \\ & \downarrow & \downarrow \\ & 5 & 7 \end{array}$$

$\therefore (01010111)_2 = (57)_{16}$

Ans : C.

24.  ${}_{86}\text{A}^{222} \rightarrow {}_{84}\text{B}^{210}$  বিক্রিয়াটিতে কয়টি  $\alpha$  এবং  $\beta$  -কণা নিঃসৃত হয়?

- A. 3টি  $\alpha$  -কণা ও 4টি  $\beta$  -কণা
- B. 12টি  $\alpha$  -কণা ও 2টি  $\beta$  -কণা
- C. 4টি  $\alpha$  -কণা ও 3টি  $\beta$  -কণা
- D. 6টি  $\alpha$  -কণা ও 2টি  $\beta$  -কণা

ব্যাখ্যা : বিক্রিয়া :  ${}_{86}\text{A}^{222} \rightarrow 3 {}_2^4\text{He} + 4 {}_{-1}^0\text{e} + {}_{84}\text{B}^{210}$

Ans : A.

25. দুটি উৎস হতে সমদশায় একই তরঙ্গদৈর্ঘ্যের দুটি আলোক তরঙ্গ নিঃসৃত হলে তাদের কি বলে?

- A. গৌণ উৎস
- B. সুসঙ্গত উৎস
- C. প্রধান উৎস
- D. এর সবগুলো

ব্যাখ্যা : সুসঙ্গত উৎস-

দুটি উৎস হতে সমদশাসম্পন্ন বা কোনো নির্দিষ্ট দশা পার্থক্যের একই তরঙ্গদৈর্ঘ্যের দুটি আলোক তরঙ্গ নিঃসৃত হলে তাদেরকে সুসঙ্গত উৎস বলে। সুসঙ্গত আলোক উৎস তৈরির জন্য সাধারণত একটি উৎস থেকে নির্গত আলোকে দুটি অংশে এমনভাবে বিভক্ত করা হয় যেন প্রতিটি বিভক্ত অংশই একটি স্বতন্ত্র উৎস হয়। এই দুটি বিভক্ত অংশকে দুটি সুসঙ্গত উৎস হিসেবে ধরা হয়। পরীক্ষাগারে সাধারণ আলো হতে এই পদ্ধতিতে সুসঙ্গত আলোক উৎস উৎপন্ন করা হয়।

Ans : B.

26. একটি ফ্লিন্ট কাচের তৈরি প্রিজমের প্রতিসারক কোণ  $12^\circ$ । লাল আলোর জন্য উপাদানের প্রতিসরাঙ্ক 1.64 হলে বিচ্যুতি কোণ কত?

- A.  $7.04^\circ$
- B.  $19.64^\circ$
- C.  $7.68^\circ$
- D.  $0^\circ$

ব্যাখ্যা : বিচ্যুতি কোণ,  $\delta = A(\mu - 1)$   
 $= 12^\circ(1.64 - 1)$   
 $= 7.68^\circ$

Ans : C.

27. 40 cm দীর্ঘ এবং 4 cm ব্যাসার্ধের 200 পাকের একটি সলিনয়েডের আবেশ গুণাঙ্ক কত হবে? ( $\mu = 1$ )।

- A. 423.4 henry
- B. 312.4 henry
- C. 502.4 henry
- D. 567.4 henry

ব্যাখ্যা :

আবেশ গুণাঙ্ক,  $L = \frac{\mu N^2 A}{l} = \frac{1 \times (200)^2 \times \pi \times (4 \times 10^{-2})^2}{40 \times 10^{-2}}$   
 $= 502.65 \text{ Henry.}$

Ans : C.

28.  $8 \Omega$  রোধের একটি তারকে আয়তন অপরিবর্তিত রেখে টেনে তিনগুণ লম্বা করা হলে তারটির বর্তমান রোধ কত হবে?

- A.  $24 \Omega$
- B.  $72 \Omega$
- C.  $48 \Omega$
- D.  $16 \Omega$

ব্যাখ্যা :  $V_1 = V_2 \Rightarrow A_1 L_1 = A_2 L_2$

$\Rightarrow A_1 L_1 = A_2 \times 3L_1 \Rightarrow \frac{A_1}{A_2} = 3$

আমরা জানি,  $R = \frac{\rho L}{A}$

$\therefore \frac{R_2}{R_1} = \frac{A_1}{A_2} \cdot \frac{L_2}{L_1} = 3 \cdot \frac{3L_1}{L_1} = 9$

$\Rightarrow R_2 = 9R_1 = 9 \times 8 \Omega = 72 \Omega$

Ans : B.

29. একটি ধারককে 220 V সরবরাহ লাইনে যুক্ত করে সম্পূর্ণভাবে চার্জ করা হলো। অতঃপর ধারকটিকে একটি ছোট রোধ কুণ্ডলীর ভেতর দিয়ে ডিসচার্জ করা হলো। রোধ কুণ্ডলীটি একটি তাপ অন্তরীত ব্লকের ভেতরে ঢুকানো ছিল। ধারককে সঞ্চিত শক্তি কত এবং ব্লকে তা কোন শক্তি সৃষ্টি করবে?

- A.  $2.42 \times 10^4$  CJ তাপশক্তি সৃষ্টি করবে  
 B.  $1.21 \times 10^4$  CJ গতিশক্তি সৃষ্টি করবে  
 C.  $2.42 \times 10^4$  CJ গতিশক্তি সৃষ্টি করবে  
 D.  $1.21 \times 10^4$  CJ তাপশক্তি সৃষ্টি করবে

ব্যাখ্যা : সঞ্চিত শক্তি,  $U = \frac{1}{2}CV^2 = \frac{1}{2} \times C \times (220)^2$   
 $= 2.42 \times 10^4$  C J

ধারকটিকে একটি ছোট রোধ কুণ্ডলীর ভেতর দিয়ে ডিসচার্জ করায় তাপ অন্তরীত ব্লকের ভেতর কুণ্ডলীটি তাপশক্তি সৃষ্টি করবে।

Ans : A.

30. একটি তাপ ইঞ্জিনের কার্যকর পদার্থ 600 K তাপমাত্রার উৎস থেকে 1200 J তাপ গ্রহণ করে এবং 300 K তাপমাত্রার গ্রাহকে 600 J তাপ বর্জন করে। তাপ ইঞ্জিনটি নিচের কোনটি?

- A. প্রত্যাগামী B. অপ্রত্যাগামী  
 C. A ও B উভয়ই D. কোনোটিই নয়

ব্যাখ্যা : প্রত্যাগামী ইঞ্জিনের ক্ষেত্রে,  $\frac{Q_1}{T_1} = \frac{Q_2}{T_2}$  হয়।

এখন,  $\frac{Q_1}{T_1} = \frac{1200}{600} = 2 \text{ JK}^{-1}$  এবং  $\frac{Q_2}{T_2} = \frac{600}{300} = 2 \text{ JK}^{-1}$

সুতরাং, তাপ ইঞ্জিনটি প্রত্যাগামী।

Ans : A.

31.  $\begin{bmatrix} a & 2 & d \\ -2 & b & -3 \\ -8 & 3 & c \end{bmatrix}$  বিপ্রতিসম হলে  $a + b + c + d = ?$

- A. -8 B. 5 C. -5 D. 8

ব্যাখ্যা :  $\begin{bmatrix} p & q & r \\ s & t & u \\ v & w & x \end{bmatrix}$  বিপ্রতিসম হবে যদি,

$p = t = x = 0$  এবং  $q = -s, r = -v, u = -w$  হয়।

এখানে,  $\begin{bmatrix} a & 2 & d \\ -2 & b & -3 \\ -8 & 3 & c \end{bmatrix}$  বিপ্রতিসম হবে-

যদি  $a = b = c = 0$  এবং  $d = -(-8) = 8$   
 $\therefore a + b + c + d = 0 + 0 + 0 + 8 = 8$

Ans : D

32.  $\int \frac{e^x + 1}{\sqrt{e^x}} dx = ?$

- A.  $\frac{1}{2}e^{\frac{x}{2}} - \frac{1}{2}e^{-\frac{x}{2}}$  B.  $2e^{x/2} - 2e^{-x/2}$   
 C.  $2e^{x/2} + 2e^{-x/2}$  D.  $\frac{1}{2}e^{\frac{x}{2}} + \frac{1}{2}e^{-\frac{x}{2}}$

ব্যাখ্যা :  $\int \frac{e^x + 1}{\sqrt{e^x}} dx = \int \left( \sqrt{e^x} + \frac{1}{\sqrt{e^x}} \right) dx$   
 $= \int \left( e^{\frac{1}{2}x} + e^{-\frac{1}{2}x} \right) dx = 2e^{\frac{1}{2}x} - 2e^{-\frac{1}{2}x} + C$

Ans : B.

33.  $\int \frac{\ln(\ln x)}{x} dx = ?$

- A.  $\ln x |\ln(\ln x) + 1|$  B.  $\ln x |\ln(\ln x) - 1|$   
 C.  $\ln(\ln x) - 1$  D.  $\ln x |\ln(\ln x)|$

ব্যাখ্যা :  $\int \frac{\ln(\ln x)}{x} dx$  ধরি,  $\ln x = z$   
 $\Rightarrow \frac{1}{x} dx = dz$   
 $= \int \ln z dz$   
 $= z \ln(z) - z + C$   
 $= \ln x \ln(\ln x) - \ln x + C$   
 $= \ln x \{ \ln(\ln x) - 1 \} + C$

Ans : B.

34.  $\lim_{x \rightarrow 0} \frac{e^x + e^{-x} - 2}{x^2} = ?$

- A. 1 B. 0  
 C. 2 D. 4

ব্যাখ্যা : L. Hospital's rule :

$\lim_{x \rightarrow 0} \frac{e^x + e^{-x} - 2}{x^2} = \lim_{x \rightarrow 0} \frac{e^x - e^{-x}}{2x}$   
 $= \lim_{x \rightarrow 0} \frac{e^x + e^{-x}}{2} = \frac{e^0 + e^0}{2} = 1$

Ans : A.

35. x এর সাপেক্ষে  $a^{a^x}$  এর অন্তরজ কোনটি?

- A.  $a^{a^x} \cdot a^x$  B.  $a^{a^x} \cdot a^x (\ln a)^2$   
 C.  $a^{a^x} \cdot (\ln a)^2$  D.  $a^{a^x} \cdot a^x \ln a$

ব্যাখ্যা :  $\frac{d}{dx} (a^{a^x}) = a^{a^x} \ln a \cdot \frac{d}{dx} (a^x)$   
 $= a^{a^x} \ln a \cdot a^x \ln a = a^{a^x} \cdot a^x (\ln a)^2$

Ans : B.

!!! বের হয়েছে !!!

সম্পূর্ণ নতুন আঙ্গিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
 ইউনিট ভিত্তিক লিখিত অংশের পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য

- ◆ পানকৌড়ি Written (A Unit)
- ◆ পানকৌড়ি Written (B + D Unit)
- ◆ পানকৌড়ি Written (C Unit)

36.  $A, B \subset \mathbb{R}, B = \mathbb{R} - \left\{ \frac{1}{3} \right\}, g: A \rightarrow B, g(x) = \frac{x-5}{3x+1}$  এবং

$h(x) = x^2 + 1$  হলে  $f(x) = \frac{x^2-3}{x-\sqrt{3}}$  ফাংশনের রেঞ্জ কত?

- A. রেঞ্জ  $f = \mathbb{R} - \{2\sqrt{5}\}$  B. রেঞ্জ  $f = \mathbb{R} - \{2\}$   
C. রেঞ্জ  $f = \mathbb{R} - \{\sqrt{3}\}$  D. রেঞ্জ  $f = \mathbb{R} - \{2\sqrt{3}\}$

ব্যাখ্যা :  $f(x) = \frac{x^2-3}{x-\sqrt{3}}$ ; এখানে,  $x-\sqrt{3} \neq 0 \Rightarrow x \neq \sqrt{3}$

$\therefore$  প্রদত্ত ফাংশনের ডোমেন =  $\mathbb{R} - \{\sqrt{3}\}$

আবার,  $f(x) = \frac{x^2-3}{x-\sqrt{3}} = \frac{(x+\sqrt{3})(x-\sqrt{3})}{(x-\sqrt{3})} = x+\sqrt{3}$

$x = \sqrt{3}$  হলে,  $f(x) = \sqrt{3} + \sqrt{3} = 2\sqrt{3}$

$\therefore$  রেঞ্জ =  $\mathbb{R} - \{2\sqrt{3}\}$

Ans : D.

37.  $x^2 - 7x + 12 = 0$  সমীকরণের মূলদ্বয়  $\alpha, \beta$  হলে  $\alpha + \beta$  এবং  $\alpha\beta$  মূল বিশিষ্ট সমীকরণটি কী?

- A.  $x^2 - 19x + 84 = 0$  B.  $x^2 + 14x - 144 = 0$   
C.  $x^2 - 14x + 144 = 0$  D.  $x^2 + 19x - 84 = 0$

ব্যাখ্যা :  $x^2 - 7x + 12 = 0$  সমীকরণের মূলদ্বয়  $\alpha, \beta$  হলে,  
 $\alpha + \beta = 7, \alpha\beta = 12$

$\therefore \alpha + \beta$  এবং  $\alpha\beta$  মূলবিশিষ্ট সমীকরণ,

$x^2 - (\alpha + \beta)x + \alpha\beta = 0$

$\Rightarrow x^2 - (7+12)x + 7 \times 12 = 0$

$\Rightarrow x^2 - 19x + 84 = 0$

Ans : A.

38.  ${}^n P_3 = 2 \times {}^n C_4$  হলে  $n$  এর মান কত?

- A. 14 B. 15 C. 16 D. 13

ব্যাখ্যা : অপশন (B) হতে,  ${}^{15} P_3 \div {}^{15} C_4 = {}^{15} C_3 \times 3! \div {}^{15} C_4$

$$= \frac{15 \times 14 \times 13}{3 \times 2 \times 1} \times 6 \div \frac{15 \times 14 \times 13 \times 12}{4 \times 3 \times 2 \times 1}$$

$$= \frac{15 \times 14 \times 13}{3 \times 2 \times 1} \times 6 \times \frac{4 \times 3 \times 2 \times 1}{15 \times 14 \times 13 \times 12} = 2$$

Ans : B.

39.  $\left(3 + \frac{x}{2}\right)^n$  এর বিস্তৃতিতে  $x^7$  ও  $x^8$  এর সহগ দুটি সমান হলে  $n$  এর

